# পশ্চিমবঙ্গ সরকার

## পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর

৬৩, নেতাজী সুভাষ রোড ঃ জেশপ বিল্ডিং ঃ কোলকাতা-৭০০০০১

নং ঃ৩৯৮৮-আর.ডি/এন.আর.ই.জি.এ/১৮এস-০১/০৭ তারিখ ঃ ২৩শে জুন, ২০০৯

## আদেশনামা

এন আর ই জি এ-র কাজে সময়মত মজুরী প্রদান সুনিশ্চিত করার ক্ষেত্রে এই প্রকল্পের কাজের দ্রুত পরিমাপ করা একটি গুরুত্বপূর্ণ দিক। আইন অনুযায়ী প্রতি সপ্তাহে কাজের মজুরী সেই সপ্তাহান্তে অথবা দুই সপ্তাহের মধ্যে প্রদান করতে হবে। তাই কাজের পরিমাপ প্রতি সপ্তাহে নেওয়া অত্যন্ত জরুরী। কিছু কিছু ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত এই প্রকল্পে প্রতি সপ্তাহে কাজের পরিমাপ করার ক্ষেত্রে অসুবিধা পরিলক্ষিত হয়েছে - বিশেষতঃ যে সমস্ত গ্রাম পঞ্চায়েতে একসঙ্গে অনেকগুলি কাজ চলে বা যে সমস্ত গ্রাম পঞ্চায়েতে নির্মাণ সহায়কের পদ শূণ্য আছে সেখানে এই অসুবিধা প্রকট। যে সমস্ত গ্রাম পঞ্চায়েতে জব-অ্যাসিস্টেন্ট আছেন সেখানে তাদের পরিমাপের কাজের আরো বেশী দায়িত্ব দিয়ে এই অসুবিধা অনেকাংশে দূর করা সম্ভব। সেই দিকে লক্ষ্য রেখে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে এখন থেকে নির্মাণ সহায়ক বা এস. এ. ই-দের সঙ্গে জব-অ্যাসিস্টেন্টরাও প্রয়োজনে সমস্ত সাধারণ মাটির কাজ (প্রাক্কলন ব্যয় যাই হোক না কেন) নিজেরাই পরিমাপ করতে পারবেন এবং জব-অ্যাসিস্টেন্টদের নেওয়া পরিমাপও চূড়ান্ত বলে গণ্য করা হবে যার ভিত্তিতে মাস্টার রোল তৈরী করা হবে। তবে জব-অ্যাসিস্টেন্টরা পরিমাপ লিপিবদ্ধ করার জন্য নির্দিষ্ট ক্রমিক সংখ্যা বিশিষ্ট মেজারমেন্ট শিট ব্যবহার করবেন।

এই আদেশনামা অবিলম্বে কার্যকরী হবে।

*মানবেন্দ্র নাথ রায়*

প্রধান সচিব

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর

নং ঃ৩৯৮৮/১(২০)-আর.ডি/এন.আর.ই.জি.এ/১৮এস-০১/০৭ তারিখ ঃ ২৩শে জুন, ২০০৯

১) ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কোর্ডিনেটর ....................................................

২) প্রধান সচিব, দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল

৩) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, শিলিগুড়ি মহকুমা পরিষদ

*মানবেন্দ্র নাথ রায়*

প্রধান সচিব